রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

প্রজ্ঞাপন

তারিখ, ১ কার্তিক ১৪১৩/১৬ অক্টোবর ২০০৬খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৬-আইন/২০০৬—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ছুটি, পদায়ন ও বদলী) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়, —

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976);

(খ) **"অতিরিক্ত কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার;

(গ) **"অধস্তন কর্মকর্তা"** অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর, সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, নায়েক ও কনস্টেবল;

(ঘ) **"উপ-কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, যুগ্ম-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঙ) **"কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(১) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(চ) **"কর্তৃপক্ষ"** অর্থ পুলিশ কমিশনার বা তাহার নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কোন উর্ধ্বতন কর্মকর্তা;

(ছ) **"থানা"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর section 4(1)(s) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত এবং নির্ধারিত এলাকা যা প্রধানতঃ পুলিশের তদন্ত ইউনিট;

(জ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঝ) **"ফৌজদারী কার্যবিধি"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898);

(ঞ) **"সহকারী কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, অতিরিক্ত উপ-কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

৩। **ছুটি নিয়ন্ত্রণ।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা ও কর্মচারীদের ছুটি নিম্নে উল্লিখিত আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপনের অধীন নিয়ন্ত্রিত হইবে, যথা ঃ—

(ক) Public Servants (Retirement) Act, 1974 (Act, No. XII of 1974;

(খ) Prescribed leave Rules, 1959;

(গ) Bangladesh Service Rules-1;

(ঘ) Fundamental and Supplementary Rules;

(ঙ) Civil Service Regulation;

(চ) Public Servant (Retirement) Rules, 1975;

(ছ) Bangladesh Service (Recreation Allowance) Rules, 1979 এবং

(জ) সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত সার্কুলার ও প্রজ্ঞাপন।

৪। **ছুটি ভোগকারীর সংখ্যা।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের অধঃস্তন কর্মকর্তাদের ক্ষেত্রে অনুমোদিত ছুটি ভোগকারীদের সংখ্যা অনুরূপ পদমর্যাদার অনুমোদিত জনবলের মধ্যে কর্মরত কর্মকর্তাদের সংখ্যার শতকরা দশ ভাগের অধিক হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, চিকিৎসা সনদের ভিত্তিতে অথবা নৈমিত্তিক ছুটি বা অসাধারণ ছুটি ভোগকারীগণ এই সংখ্যার অন্তর্ভুক্ত হইবে না।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনারদের ক্ষেত্রে অনুমোদিত ছুটি ভোগকারীদের সংখ্যা সহকারী কমিশনারের অনুমোদিত জনবলের মধ্যে কর্মরত কর্মকর্তাদের সংখ্যার শতকরা ১৪ (চৌদ্দ) ভাগের অধিক হইবে না।

(৩) দফা (ক) ও (খ) তে যাহা কিছুই থাকুন না কেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন ইউনিটে ছুটিভোগকারী কর্মকর্তাদের সংখ্যা কোনক্রমেই উক্ত ইউনিটের জন্য অনুমোদিত এবং কর্মরত মোট জনবলের সংখ্যার শতকরা ২০ (বিশ) ভাগের অধিক হইবে না।

৫। **অধস্তনদের ছুটি মঞ্জুরীর জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের যে সকল কর্মকর্তা তাহাদের অধস্তনদের ছুটি মঞ্জুর করিতে পারিবেন উহার বিবরণ নিম্নে টেবিলে দেওয়া হইল, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | ছুটি মঞ্জুরকারী কর্মকর্তা | ছুটির প্রকার | যে কর্মকর্তার ছুটি মঞ্জুর করা যাইবে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | কমিশনার | নৈমিত্তিক ছুটি | অতিরিক্ত পুলিশ কমিশনার, উপ-কমিশনার, অতিরিক্ত উপ-কমিশনার, যুগ্ম-পুলিশ কমিশনার, সহকারী কমিশনার এবং ইন্সপেক্টর (থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা) |
| (২) | কমিশনার | এল,এ,পি | ইন্সপেক্টর |
| (৩) | উপ-কমিশনার | নৈমিত্তিক ছুটি | ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্ট |
| (৪) | কমিশনার | এল, এ, পি | সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট, কনস্টেবল |
| (৫) | অতিরিক্ত উপ-কমিশনার | নৈমিত্তিক ছুটি | সহকারী সাব-ইন্সপেক্টর, কনস্টেবল |

(২) গেজেটেড কর্মকর্তাগণের ছুটি মঞ্জুর এবং ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট পদের দায়িত্ব অন্য কোন কর্মকর্তাকে প্রদান সম্পর্কিত প্রজ্ঞাপনের কপি সরকারের নিকট বাংলাদেশ গেজেটে প্রকাশ করিবার জন্য প্রেরণ করিতে হইবে এবং একই সংগে ইহা ঢাকা মেট্রোপলিটন পুলিশ গেজেটেও প্রকাশ করিতে হইবে।

(৩) বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৬। **সহকারী কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের জন্য ছুটি।**—(১) সহকারী কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ সাধারণভাবে ছুটি চাহিবার তারিখ হইতে অন্যূন একমাস পূর্বে বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫ এ ছুটির জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কর্মকর্তাগণ, অন্যূন চার মাসের জন্য ছুটির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ এর নিকট পেশ করিবেন এবং আবেদন পত্র অগ্রবর্তী করিবার ক্ষেত্রে কমিশনার, দাপ্তরিক ব্যবস্থাপনার স্বার্থ বিবেচনা করিয়া আবেদনকারী কর্মকর্তার ছুটির বিষয়ে তাহার মতামত লিপিবদ্ধ করিয়া প্রেরণ করিবেন।

(৩) গেজেটেড অফিসারদের জন্য নির্ধারিত ফরমে আবেদন করিবার জন্য আবেদনকারী কর্মকর্তা মহা হিসাব নিরীক্ষকের কার্যালয় হইতে আবেদনকৃত ছুটির প্রাপ্যতা সম্পর্কে একটি প্রতিবেদন সংগ্রহ করিয়া উহা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ এর নিকট প্রেরণ করিবেন।

৭। **ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত সহকারীগণের ছুটি** ।—(১) ডেপুটি কমিশনার, স্থানীয় ব্যবস্থাপনা কার্য পরিচালনা করার ক্ষেত্রে কোনরূপ অসুবিধা হইবে না মর্মে সন্তুষ্ট হইলে তিনি তাহার অধীনে কর্মরত কোন সহকারীর ছুটি ছয় মাস পর্যন্ত মঞ্জুর করিতে পারিবেন।

(২) ডেপুটি কমিশনার যাহাদেরকে পরিচালনা করিবার জন্য দায়িত্বপ্রাপ্ত উহাদের ব্যতীত, অন্যান্যদের ক্ষেত্রে প্রাপ্ত ছুটি আবেদন কমিশনারের নিকট আদেশের জন্য অগ্রবর্তী করিবেন।

(৩) বি.পি, ফরম নং ১৭৭ এ ছুটি সংক্রান্ত এবং ছুটি আবেদন বাংলাদেশ ফরম নং ৪০ এ নিবন্ধন (register) করিতে হইবে।

(৪) প্রত্যেক সহকারীর জন্য এফ, আর ফরম নং ৯ এ সংরক্ষণ করিতে হইবে এবং তাহা সার্ভিস বুকের সহিত রাখিতে হইবে এবং প্রধান সহকারী উহা পরীক্ষা করিবেন এবং প্রত্যেক ছুটির হিসাব অনুস্বাক্ষর করিবেন।

৮। **বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রবেশনারী সহকারী কমিশনারগণের ছুটি** ।—(১) বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রবেশনারী সহকারী কমিশনারগণ কোন ছুটি পাইবেন না, তবে বিভাগীয় পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করিবেন এইরূপ লিখিত অঙ্গীকার দেওয়া হইলে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

৯। **চাকুরী হইতে অপসারিত বা বরখাস্ত হইতে পারেন এইরূপ অফিসারদের ছুটি মঞ্জুরে বাধা** ।—(১) কোন কর্মকর্তার বিরুদ্ধে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইতে পারেন এমন কোন অভিযোগ তদন্তাধীন থাকিলে, উক্ত কর্মকর্তার অনুকূলে ছুটি মঞ্জুর করা যাইবে না।

(২) যেক্ষেত্রে মেডিকেল সার্টিফিকেট ব্যতীত কোন কর্মকর্তা ছুটিতে থাকেন এবং উক্ত কর্মকর্তার বিরুদ্ধে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইতে পারেন এমন কোন অভিযোগ আনয়ন করা হইলে সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তার ছুটি বাতিল করিয়া তাহাকে তলব করা যাইবে এবং অতঃপর যথাযথ পদ্ধতি অনুসরণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণ করিতে কোন বাধা থাকিবে না।

১০। **বরখাস্তকৃত বা কারাদন্ডপ্রাপ্ত কর্মকর্তাদের ছুটি মঞ্জুরে বাধা** ।—চাকুরী হইতে সাময়িক বরখাস্ত বা কারাদন্ড প্রাপ্ত কোন কর্মকর্তার ছুটি সাময়িক বরখাস্তকালীন কিংবা কারাদন্ডভোগের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে মঞ্জুর করা যাইবে না।

**১১। সহকারী কমিশনার এবং তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাদের মেডিকেল সার্টিফিকেট ভিত্তিতে ছুটি।**—(১) সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন কর্মকর্তা মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে ছুটি বা ছুটির মেয়াদ বৃদ্ধি করিতে ইচ্ছুক হইলে মেডিকেল বোর্ডের সম্মুখে উপস্থিত হইবার অনুমতি প্রার্থনা করিয়া তাহাকে কমিশনারের মাধ্যমে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের নিকট আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদনপত্র তিনটি অনুলিপিসহ পুলিশ হাসপাতালের তত্ত্বাবধায়ক বা সহকারী মেডিক্যাল অফিসার বা রেজিস্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার কর্তৃক (তিনি যাহার চিকিৎসাধীন রহিয়াছেন) নির্ধারিত ফরমে প্রদত্ত সনদপত্র দ্বারা সমর্থিত হইতে হইবে।

(২) উপ-বিধি (১)-এ উল্লিখিত আবেদন সকল স্তরে দ্রুত নিষ্পত্তি করিতে হইবে এবং এই বিষয়ে Fundamental and Supplementary Rules এবং Bangladesh Service Rules এর সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মকর্তা এই বিধিমালা প্রবর্তনের পূর্বে সিভিল সার্ভিস রেগুলেশনের অধীন ছুটিতে রহিয়াছেন তাহাদের ক্ষেত্রে অনুরূপ ছুটি সিভিল সার্ভিস রেগুলেশনের অধ্যায় ৪৪ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৩) প্রয়োজনীয় অনুমতি লাভের পর সংশ্লিস্ট কর্মকর্তা স্বয়ং এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ডের সম্মুখে উপস্থিত হইবেন এবং সংশ্লিষ্ট বিষয়ে উক্ত বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

**১২। অধঃস্তন কর্মকর্তাদের মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে ছুটি।**—(১) মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে ইন্সপেক্টর বা তদনিম্ন পদমর্যাদার কোন কর্মকর্তা ছুটির জন্য কিংবা ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করিলে সেই ক্ষেত্রে—

(ক) উক্ত কর্মকর্তা ঢাকায় থাকিলে, তাহাকে দরখাস্তের সহিত সেন্ট্রাল পুলিশ হাসপাতালের তত্ত্বাবধায়কের একটি সার্টিফিকেট সংযুক্ত করিয়া প্রেরণ করিতে হইবে;

(খ) উক্ত কর্মকর্তা ছুটিতে ঢাকার বাহিরে থাকিলে, তাহাকে তাহার দরখাস্তের সহিত কোন রেজিস্টার্ড মেডিকেল প্রাকটিশনারের একটি সার্টিফিকেট সংযুক্ত করিয়া প্রেরণ করিতে হইবে এবং এইরূপে আবেদন করা হইলে দরখাস্তে প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োজিত মেডিকেল অফিসার কর্তৃক পরীক্ষা করিবার জন্য অনুরোধ করিতে হইবে।

(২) আবেদনকারীর স্বাস্থ্য সম্পর্কে নিশ্চিত হইয়া ছুটি মঞ্জুর করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ, নিজ বিবেচনায়, স্থানীয় পুলিশ হাসপাতালের তত্ত্বাবধায়ক অথবা স্থানীয় সিভিল সার্জনকে আবেদনকারীর স্বাস্থ্য দ্বিতীয়বার পরীক্ষা করিবার জন্য অনুরোধ করিতে পারিবেন এবং এইরূপ ক্ষেত্রে দ্বিতীয় পরীক্ষা প্রথম মেডিকেল পরীক্ষা সংক্রান্ত মতামত প্রদানের তারিখের পর যত শীঘ্রই সম্ভব সম্পন্ন করিতে হইবে এবং আবেদনকারীকে তাহার পূর্ববর্তী চিকিৎসা সংশ্লিষ্ট ইতিহাস সম্পর্কে প্রয়োজনীয় বিবরণী সংশ্লিষ্ট মেডিকেল অফিসারের তথ্যের জন্য প্রদান করিতে হইবে।

(৩) দ্বিতীয় মেডিকেল পরীক্ষার মতামত আবেদনকারীর বিপক্ষে হইলে মেডিকেল বোর্ডের নিকট আবেদনকারী আপীল দায়ের করিতে পারিবেন এবং এতদ্‌বিষয়ে মেডিকেল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে এবং এইরূপ আপীল তাহার দ্বিতীয় মেডিকেল পরীক্ষার মতামত প্রদানের তারিখ হইতে পরবর্তী ১৫ দিনের মধ্যে দায়ের করিতে হইবে।

(৪) মেডিকেল বোর্ডের সন্মুখে উপস্থিত হইবার অনুমতির জন্য ডেপুটি কমিশনারের (হেড কোয়ার্টার্স) নিকট আবেদন পেশ করিতে হইবে, এবং অনুরূপ আবেদন দ্রুত গতিতে বিবেচনা করিয়া উহার উপর ব্যবস্থা করিতে হইবে।

(৫) মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে ছুটি সমাপ্তির পর দায়িত্ব পালন শুরু করিবার পূর্বে সংশ্লিষ্ট অধঃস্তন কর্মকর্তাকে সেন্ট্রাল পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্টের ফিটনেস সার্টিফিকেট বা সক্ষমতার সনদ উপস্থাপন করিয়া যোগদান করিতে হইবে।

(৬) ছুটি গ্রহণকারী কর্মকর্তার মেডিকেল সার্টিফিকেট, যাহার ভিত্তিতে ছুটি মঞ্জুর বা বৃদ্ধি করা হয়, চিকিৎসার ইতিহাস সংক্রান্ত সীটসহ উহা নথিভুক্ত করিতে হইবে।

১৩। **মেডিকেল সার্টিফিকেট।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশে পাদয়নকৃত পুলিশ সদস্যদের মেডিকেল সার্টিফিকেট প্রদান এবং উহা প্রতিস্বাক্ষর করিবার ক্ষমতা ক্ষেত্রমত, কোন মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক বা তদূর্ধ্ব কোন ডাক্তার, সেন্ট্রাল পুলিশ হাসপাতাল সুপারিনটেনডেন্ট এর থাকিবে এবং বিনা ফিতে উক্ত সার্টিফিকেট মঞ্জুর করিতে হইবে।

(২) অফিস প্রধান বা সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অনুরোধ করা না হইলে উপ-বিধি (১) এ উল্লিখিত কোন কর্মকর্তা ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন সদস্যকে মেডিকেল সার্টিফিকেট প্রদান বা উহাতে প্রতিস্বাক্ষর করিবেন না।

১৪। **মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে সংক্ষিপ্ত ছুটি গ্রহণকারী কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান না করা।**—(১) পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্টের সুপারিশক্রমে মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনূর্ধ্ব সাত দিনের ছুটি মঞ্জুর করা হইয়াছে এইরূপ প্রধান কনস্টেবল, কনস্টেবল এবং সশস্ত্র পুলিশের প্রধান কনস্টেবলের নিম্নের পদমর্যাদার সকল পদমর্যাদার ব্যক্তি (দাঙ্গা এবং এসএফ বিভাগ) কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না; যে ক্ষেত্রে ছুটি হইতে ফেরত আসিয়া কোন পুলিশ সদস্যের অক্ষমতাটি অধিকতর খারাপ বা পুনঃউদ্ভব বা উন্নতি না হয়, সেক্ষেত্রে উর্ধ্বতন কর্মকর্তা তাহাকে হালকা দায়িত্ব প্রদান করিবেন; মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে সংক্ষিপ্ত ছুটি গ্রহণকারীর পুলিশ সদস্যদের ছুটিকালীন সময়ে ব্যারাকে অবস্থান করিতে হইবে এবং সহকারী পুলিশ কমিশনার এবং ডেপুটি কমিশনারের নিকট হইতে নির্ধারিত ফরমে লিখিত নির্দিষ্ট আদেশ ব্যতিরেকে তাহাদের ছুটি ভোগ করিবার জন্য অন্যত্র যাইবার অনুমতি প্রদান করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আদেশ অমান্যকারীর বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি অবিলম্বে সংশ্লিষ্ট যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে উপ-কমিশনারকে অবহিত করিতে হইবে।

১৫। **বিশেষ অক্ষমতাজনিত ছুটি।**—(১) বিশেষ অক্ষমতাজণিত ছুটি প্রদানের বিষয়ে Bangladesh Service Rules এর Part-1 এর rule 192 ও 193 এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) বিশেষ অক্ষমতাজণিত ছুটি পেনসনের জন্য সার্ভিস হিসাব হিসাবে গণনা করা হইবে এবং এক্ষেত্রে Bangladesh Service Rules এর Part-1 এর rule 181 এর বিধান ব্যতীত, উহা ছুটির হিসাব হইতে কর্তন করা যাইবে না।

(৩) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন প্রকারের ছুটির সহিত যুক্ত করা যাইবে এবং ইহা Bangladesh Service Rules এর Part-1 এর rule 12 এর clause (৭)(ন) এর বিধান অনুযায়ী প্রথম চার মাসের জন্য পূর্ণগড় বেতন এবং অতঃপর পূর্ণ বা অর্ধগড় বেতনে প্রদান করা হইবে।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটির মেয়াদ এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড যেরূপ নির্ধারণ করিবে সেরূপ মেয়াদে মঞ্জুর করা হইবে।

(৫) আবেদনকারীকে তাহার বিষয়টি সম্পর্কে পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্টের নিকট হইতে সংগৃহীত বিবৃতির দুইটি অনুলিপিসহ মেডিকেল বোর্ডের সন্মুখে উপস্থিত হইতে হইবে।

(৬) নিম্নবর্ণিত প্রস্তাবসহ সংশ্লিষ্ট বিষয়ে বিবরণীসহ এবং মেডিকেল বোর্ডের মূল সনদপত্র সরকারের নিকট পেশ করিতে হইবে, যথা ঃ—

(ক) যে তারিখে এবং পরিস্থিতিতে আহত হইয়াছিল এবং এইরূপ ছুটির সুপারিশের জন্য বিস্তারিত কারণসমূহ;

(খ) আহত হওয়ার তারিখ হইতে রিপোর্ট প্রদান করিবার তারিখ পর্যন্ত আবেদনকারী তাহার দায়িত্ব হইতে অনুপস্থিত থাকিবার সময়কাল;

(গ) আহতকালীন সময়ে আবেদনকারী চিকিৎসার উদ্দেশ্যে হাসপাতালে ছিল কি না এবং তাহাকে কোন মেডিকেল ছুটি প্রদান করা হইয়াছিল কি না।

(৭) যখন একই আহতবস্থার কারণে একের অধিক বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রদানের জন্য প্রস্তাব করা হয়, তখন যে সময়ে আবেদনকারী অনুরূপ ছুটি হইতে ফেরত আসিয়াছিল এবং কিভাবে অক্ষমতাটি অধিকতর খারাপ বা পুনরায় দেখা দিয়াছিল তাহা বর্ণনা করিতে হইবে এবং এইরূপ ক্ষেত্রে মেডিকেল বোর্ডের সার্টিফিকেট গ্রহণের জন্য এই বিধিতে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১৬। **হাসপাতাল ছুটি**।—(১) সহকারী সাব-ইন্সপেক্টর এবং প্রধান কনস্টেবল পদ মর্যাদার উর্ধ্বে নহে এরূপ পুলিশ কর্মকর্তাদের হাসপাতাল ছুটি ডেপুটি কমিশনার মঞ্জুর করিতে পারিবেন।

(২) এই ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে Fundamental and Supplementary Rules এর rule 269A-272 এবং Bangladesh Service Rules এর rule 200, 200A ও 201 এর বিধান অনুসরণ করিতে হইবে।

(৩) ফোর্সের মোট সদস্যের শতকরা ১০ (দশ) ভাগ সদস্যকে সাধারণ ছুটি মঞ্জুর করা যাইবে।

(৪) যে সকল কর্মকর্তা পুলিশ হাসপাতালে অসুস্থ থাকিবেন অথবা বহিঃবিভাগে রোগী হিসাবে চিকিৎসা গ্রহণ করিবেন পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্ট তাহাদের তালিকা, প্রয়োজনীয় ছুটির মেয়াদ সম্পর্কে সুপারিশসহ সাপ্তাহিকভাবে ডেপুটি কমিশনারকে সরবরাহ করিবেন যাহাতে তিনি হাসপাতাল ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৫) পুলিশ হাসপাতালে চিকিৎসাধীন কোন কর্মকর্তাকে, যাহাকে হাসপাতাল ছুটি মঞ্জুর করা যায় না, বিধান সাপেক্ষে, মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে নৈমিত্তিক ছুটি বা এইরূপ অন্যান্য ছুটি মঞ্জুর করা যাইবে।

১৭। **লঘু দায়িত্ব ছুটি এবং স্টেশনে অসুস্থতা সংক্রান্ত বিধান এবং ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নের ব্যক্তিগণের ছুটি**।—(১) পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্ট এর সুপারিশক্রমে হাসপাতাল হইতে ছাড় পাওয়া কর্মকর্তাকে, দূর্বলতা অব্যাহত থাকিলে, প্যারেড, বা লাইনের অন্যান্য দায়িত্ব হইতে অনধিক দশ দিনের ছুটি মঞ্জুর করা যাইবে এবং এরূপ ক্ষেত্রে পুলিশ হাসপাতালের সুপারিনটেনডেন্ট কর্তৃক সুপারিশ প্রদান কালে সংশ্লিস্ট ব্যক্তির স্বাস্থ্যের ক্রম উন্নতিতে তিনি হালকা দায়িত্বে পালনে সক্ষম কি না উহা উল্লেখ করিবেন।

(২) ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নের কোন কর্মকর্তা প্রকৃত অসুস্থতার কারণে কর্তব্য কর্মে যোগদান করিতে অসমর্থ হইলে উক্ত অসুস্থতার জন্য প্রথম তিন দিনের জন্য উহা অসুস্থতা হিসাবে বিবেচনা করা হইবে এবং উক্ত ছুটি নৈমিত্তিক ছুটি হইতে বাদ দেওয়া হইবে না। তবে তিন দিনের অধিক সময় নৈমিত্তিক ছুটির হিসাব হইতে বাদ যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত সময়কাল, নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা অধিক হইলে, উক্ত সম্পূর্ণ সময়কাল, উক্ত তিনদিনসহ, স্টেশনে ছুটি হিসাবে নিয়মিত ছুটি গণ্য করা হইবে।

১৮। নৈমিত্তিক ছুটি।—(১) নৈমিত্তিক ছুটি Fundamental Rules দ্বারা নিয়ন্ত্রিত হইবে না এবং একজন কর্মকর্তা এইরূপ ছুটিতে অনুপস্থিত থাকিলে উহা দায়িত্ব হইতে অনুপস্থিতি হিসাবে বিবেচিত হইবে না এবং এইরূপ ছুটিতে কর্মকর্তাদের অনুপস্থিতিজনিত শূন্য স্থান পূরণের ব্যবস্থা করা হইবে না।

(২) নৈমিত্তিক ছুটির কারণে জনসেবা ব্যাহত হইলে ছুটি মঞ্জুরকারী কর্মকর্তা এবং ছুটি গ্রহণকারী কর্মকর্তা দায়ী হইবেন।

(৩) কেবলমাত্র পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকিলে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইবে এবং উহা অধিকার হিসাবে দাবী করা যাইবে না এবং জনস্বার্থ বিঘ্নিত হইবার সম্ভাবনা থাকিলে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইবে না।

(৪) গেজেটেড ছুটিকালীন সময়ে নৈমিত্তিক ছুটি, কর্মস্থল বা দায়িত্ব ত্যাগের অনুমতি নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রদান করিতে পারিবেন ঃ—

(ক) পুলিশ কমিশনার ও ডেপুটি পুলিশ কমিশনারের উর্ধ্ব পদ মর্যাদার কোন পুলিশ কর্মকর্তার ক্ষেত্রে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ;

(খ) অতিরিক্ত পুলিশ কমিশনার, যুগ্ম-পুলিশ কমিশনার, ডেপুটি পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার এবং কমিশনারের কার্যালয়ে কর্মরত অন্যান্য অধস্তন কর্মচারীগণের ক্ষেত্রে পুলিশ কমিশনার;

(গ) সকল ইন্সপেক্টর এবং ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নের অন্যান্য কর্মকর্তা এবং তাহার কার্যালয়ে কর্মরত অন্যান্য অধস্তন কর্মচারীদের ক্ষেত্রে যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনার।

(৫) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সহিত একত্রে প্রদান করা এবং উহা বৃদ্ধি করা যাইবে না, তবে সাপ্তাহিক ছুটির দিন এবং গেজেটে উল্লিখিত ছুটির আগে ও পরে যুক্ত করিয়া অনুর্ধ্ব তিন দিনের জন্য অনুমতিসহ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(৬) সাপ্তাহিক ছুটির দিন এবং গেজেটে উল্লিখিত ছুটিকে নৈমিত্তিক ছুটি গণ্য করিয়া একসাথে দশ দিনের অধিক সময়ের জন্য নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইবে না।

(৭) নৈমিত্তিক ছুটি ভোগ করাকালীণ সময়ে আবেদনকারী নিজ অধিক্ষেত্রের বাহিরে অবস্থান করিবেন কি না উহা আবেনকারীকে পরিষ্কারভাবে আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।

(৮) পুলিশ কমিশনার কর্তৃক ছুটি গ্রহণের ক্ষেত্রে উহা ইন্সপেক্টর জেনারেল অব পুলিশকে এবং তাহার নিজ কার্যালয়কে তাহার ছুটিকালীন ঠিকানা সম্পর্কে অবহিত রাখিবেন এবং অন্যান্য কর্মকর্তাগণ ছুটি মঞ্জুরকারী কর্মকর্তাকে ছুটিকালীন ঠিকানা সম্পর্কে অবহিত রাখিবেন।

(৯) কোন কর্মকর্তা ভ্রমণরত থাকাকালীন নৈমিত্তিক ছুটি গ্রহণ করিলে তিনি এইরূপ ছুটিকালীন সময়ে দৈনিক ভাতা উত্তোলনের অধিকারী হইবেন না।

(১০) নৈমিত্তিক ছুটি গ্রহণ করিয়া ছুটির অতিরিক্ত সময় অবস্থান করিলে এবং উক্তরূপ অতিরিক্ত অবস্থান যথার্থ হইলে এবং উক্ত সময়ের জন্য কোন নৈমিত্তিক ছুটি গ্রহণ করা না হইলে, উক্ত সম্পূর্ণ মেয়াদ নিয়মিত ছুটিতে রূপান্তরিত করা যাইবে।

(১১) অধিক সময়ের অবস্থান যথাযথ না হইলে, যে নৈমিত্তিক ছুটি প্রকৃতভাবে মঞ্জুর করা হইয়াছিল উহা সাধারণ ছুটিতে রূপান্তর করা যাইবে এবং উক্তরূপ অতিরিক্ত সময়ের অবস্থান নিয়মিত ছুটি হিসাবে রূপান্তরের ক্ষেত্রে Fundamental Rules এর rule 73 এবং Bangladesh Service Rules এর rule 158 এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

(১২) কোন ইন্সপেক্টরকে কোন পুলিশ স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে পদায়ন করা হইলে তাহার নৈমিত্তিক ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ হইবেন পুলিশ কমিশনার।

(১৩) যেক্ষেত্রে সহকারী সাব-ইন্সপেক্টর বা তদ্‌নিম্ন পদমর্যাদার কোন কর্মকর্তা নৈমিত্তিক ছুটি আবেদন করেন, সেক্ষেত্রে তিনি যে সহকারী কমিশনারের অধীন কর্মরত উক্ত সহকারী কমিশনারের নিকট আবেদনপত্র প্রেরণ করিবেন এবং এইরূপ আবেদনপত্রে প্রাপ্তির ক্রমিক সংখ্যা লিপিবদ্ধ করিতে হইবে এবং আবেদন প্রাপ্তির ক্রমানুসারে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করার বিষয়টি বিবেচনা করিতে হইবে।

(১৪) জরুরী প্রেক্ষাপট বিবেচনা করিয়া অগ্রাধিকার ভিত্তিতে নৈমিত্তিক ছুটির আবেদন মঞ্জুর করা যাইবে এবং প্রয়োজনে, এইরূপ আবেদনপত্রে জরুরী প্রকৃতি ব্যাখ্যার জন্য উপস্থাপনের নিমিত্ত উহা অর্ডারলি রুমে (orderly room) প্রেরণ করা হইবে।

(১৫) সাব-ইন্সপেক্টর হইতে ইন্সপেক্টর পদমর্যাদা পর্যন্ত কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটির আবেদনপত্রে ক্রমিক সংখ্যা লিপিবদ্ধ করিবার প্রয়োজন হইবে না, তবে একই পদ্ধতিতে তাহাদের ছুটি মঞ্জুরীর বিষয়টি বিবেচনা করিতে হইবে।

(১৬) নৈমিত্তিক ছুটির আদেশ নৈমিত্তিক ছুটির নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং দরখাস্ত মঞ্জুর করা হইলে আদেশসমূহ ছুটি মঞ্জুরের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক নৈমিত্তিক ছুটির নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

১৯। **নৈমিত্তিক ছুটির নিবন্ধন বহি।**—(১) প্রত্যেক রিজার্ভ অফিসে বাংলাদেশ ফরম নং ১০৭-এ নৈমিত্তিক ছুটির নিবন্ধন বহি সংরক্ষণ করিতে হইবে।

(২) রিজার্ভ অফিসের নিবন্ধন বহির শুরুতে একটি ইনডেক্স (index) সংরক্ষণ করিতে হইবে এবং উহাতে ধারাবাহিকভাবে প্রত্যেকের সাধারণ সংখ্যা এবং নিবন্ধন বহিতে অন্তর্ভুক্তির বিষয়ে একটি বিবরণী লিপিবদ্ধ থাকিবে যাহাতে সংশ্লিষ্ট বৎসরে কি পরিমাণ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হইয়াছে রিজার্ভ অফিসার উহা তাৎক্ষণিকভাবে নিরূপণ করিতে সক্ষম হন।

(৩) একজন অফিসারকে এক বিভাগ হইতে অন্য বিভাগে বা ঢাকা মেট্রোপলিটন পুলিশের বাহিরে বদলি করা হইলে, তিনি কত দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিয়াছেন তাহা সর্বশেষ বেতন পরিশোধের সার্টিফিকেটে তাহা উল্লেখ করিতে হইবে এবং এ সকল বিস্তারিত তথ্যাদি সংশ্লিষ্ট বিভাগ বা ইউনিটের নৈমিত্তিক ছুটি মঞ্জুরের নিবন্ধন বহির ইনডেক্সভুক্ত করিতে হইবে।

(৪) যে দিন ছুটি মঞ্জুর করা হইবে সেই একই দিন ছুটির সার্টিফিকেট প্রদান করিতে হইবে এবং নৈমিত্তিক ছুটির নিবন্ধন বহির সকল অন্তর্ভুক্তি (entries) নৈমিত্তিক ছুটি মঞ্জুরের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিতে হইবে।

২০। **ছুটির সার্টিফিকেট এবং কমিশনারের আদেশ।**—(১) সহকারী সাব-ইন্সপেক্টর পদমর্যাদার কোন অধস্তন কর্মকর্তা ছুটিতে যাইবার পূর্বে বিভাগীয় বা ডিপার্টমেন্টাল রিজার্ভ অফিসার বাংলাদেশ ফরম নং ৫২৪৫-এ ছুটি মঞ্জুরের আদেশের অনুলিপি প্রদান করিবে।

(২) বিভাগীয় রিজার্ভ অফিসারকে নিশ্চিত করিতে হইবে যে উক্ত আদেশ, বা ক্ষেত্রমত ছুটি সার্টিফিকেট, ছুটিতে রওয়ানা হওয়ার পূর্বে যেন সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট পৌঁছে।

(৩) কোন কর্মকর্তা ৯০ দিবস বা তদুর্ধ্ব দিবসের ছুটিতে গেলে রিজার্ভ অফিসারকে আদেশ বা ছুটির সার্টিফিকেট প্রদান করিবার পূর্বে নিশ্চিত হইতে হইবে যে, উক্ত কর্মকর্তা পোশাক বিভাগের ইন্সপেক্টরের নিকট তাহার ইউনিফরম জমা দিয়াছেন এবং উক্ত বিষয়ে তাহার নিকট হইতে রশিদ গ্রহণ করিয়াছেন।

২১। **ছুটি হইতে ডাকিয়া আনা।**—(১) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ যে কোন সময় ছুটি মঞ্জুরের আদেশ প্রত্যাহার করিতে পারিবে এবং ছুটি ভোগকারী কর্মকর্তাকে পুনরায় তাহার ডিউটিতে ডাকিয়া আনিতে পারিবে।

২২। **ছুটি হইতে ফেরত আসা।**—(১) কোন ইন্সপেক্টর বা সাব-ইন্সপেক্টর চার মাসের অধিক ছুটি ভোগ করিবার পর ছুটি হইতে ফেরত আসিয়া সদর দপ্তরের যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনারের নিকট রিপোর্ট করিবেন।

(২) কোন ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর বা সার্জেন্ট চার মাসের কম সময়ে ছুটি ভোগ করিবার পর ছুটি হইতে ফেরত আসিয়া যে কর্মস্থল হইতে তিনি ছুটিতে গিয়াছিলেন উহার দপ্তর বা বিভাগের যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনারের নিকট রিপোর্ট করিবেন।

(৩) কোন সহকারী সাব-ইন্সপেক্টর বা তদ্‌নিম্ন পদমর্যাদার কর্মকর্তা ছুটি হইতে ফেরত আসিবার পর, তাহারা যে স্টেশন বা ইউনিট হইতে ছুটিতে গিয়াছিলেন সেই স্টেশন বা ইউনিটের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রিপোর্ট করিবেন এবং দায়িত্ব গ্রহণ করিবেন।

(৪) উপ-বিধি (২) এবং (৩) এর অধীন রিপোর্ট প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ছুটির সার্টিফিকেটে উপস্থিতির সময় ও তারিখ নোট করিবেন এবং সংশ্লিষ্ট যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনারের বরাবরে উপস্থাপনের জন্য উহা সংশ্লিষ্ট বিভাগ বা বিভাগীয় রিজার্ভ অফিসারের নিকট প্রেরণ করিবেন।

২৩। **ছুটি মঞ্জুরীর সময় অতিবাহিত হওয়া।**—ভিন্নরূপ কোন বিশেষ আদেশ প্রদত্ত না হইলে, যে তারিখে ছুটি মঞ্জুর করা হইবে উক্ত তারিখের পরবর্তী ৩৫ দিনের মধ্যে ছুটি ভোগ শুরু করিতে হইবে, অন্যথায় ছুটি মঞ্জুরীর আদেশ বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৪। **ছুটির পর অতিরিক্ত সময় কাটানো।**—(১) কোন কর্মকর্তা মঞ্জুরকৃত ছুটির মেয়াদ অপেক্ষা অধিক সময় অতিবাহিত করিবেন না।

(২) কোন কর্মকর্তা ছুটি বৃদ্ধির জন্য আবেদন করিলে এবং বর্ধিত সময় মঞ্জুর করা হইয়াছে কিনা সে বিষয়ে কোন তথ্য না পাইলে, মঞ্জুরকৃত ছুটি শেষ হইবার পর নির্ধারিত তারিখে কর্মে পুনঃযোগদান করিবেন।

২৫। **বদলিকৃত বা বদলির আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের ছুটি।**—(১) যেক্ষেত্রে কোন কর্মকর্তাকে অন্যত্র বদলী করা হয় বা কোন নতুন বিভাগে বা পদে বদলির আদেশ জারী করা হয়, সেইক্ষেত্রে বদলীর আদেশ প্রদানকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত সংশ্লিষ্ট কর্মকর্তাকে বদলীর আদেশ জারীর তারিখ হইতে পরবর্তী তিন মাস সময়ের মধ্যে ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৬। **ছুটি ভোগকারী কর্মকর্তার দায়িত্ব অস্থায়ীভাবে অন্য কর্মকর্তা কর্তৃক পালন।**—(১) ছুটিজনিত কারণে কোন কর্মকর্তার দায়িত্ব অন্য কোন কর্মকর্তার উপর ন্যস্ত করা না হইলে, উহা অস্থায়ীভাবে একই ইউনিটের অন্য কোন কর্মকর্তা কর্তৃক সম্পাদন করিতে হইবে।

২৭। **ছুটি ভোগকালীন সংশ্লিষ্ট কর্মকর্তার ঠিকানা অবহিতকরণ।**—(১) কোন সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা ছুটিতে যাইবার পূর্বে তাহার ছুটিকালীন ঠিকানা পুলিশ কমিশনারকে অবহিত করিবেন।

(২) কোন ইন্সপেক্টর বা তদ্‌নিম্ন পদমর্যাদার কর্মকর্তা ছুটিতে যাইবার পূর্বে তাহার ছুটিকালীন ঠিকানা সংশ্লিষ্ট বিভাগ বা অফিসের ডেপুটি কমিশনারকে অবহিত করিবেন।

### বদলি ও পদায়ন

২৮। **বদলী করিবার যথাযথ কর্তৃপক্ষ।**—(১)কমিশনার নিম্নবর্ণিত ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বদলি করিবার যথাযথ কর্তৃপক্ষ হইবেন, যথা ঃ—

(ক) কোন উপ-কমিশনারকে এক বিভাগ বা দপ্তর হইতে অন্য বিভাগ বা দপ্তরে;

(খ) কোন অতিরিক্ত কমিশনারকে এক বিভাগ বা দপ্তর হইতে অন্য বিভাগ বা দপ্তরে;

(গ) কোন সহকারী কমিশনারকে এক বিভাগ বা দপ্তর হইতে অন্য বিভাগ বা দপ্তরে;

(ঘ) কোন ইন্সপেক্টরকে এক বিভাগ বা দপ্তর হইতে অন্য বিভাগ বা দপ্তরে;

(ঙ) অন্যান্য অধস্তন কর্মকর্তাকে তাহার অধিক্ষেত্রের যে কোন স্থানে।

(২) প্রত্যেক যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনার তাহার বিভাগ বা দপ্তরের মধ্যে ইন্সপেক্টর বা তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাসহ সকল কর্মকর্তাকে বদলী করিবার যথাযথ কর্তৃপক্ষ হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন ইন্সপেক্টর বা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অন্যত্র বদলির ক্ষেত্রে তাহাকে কমিশনারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনার (সদর দপ্তর) সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট এবং তদূর্ধ্ব পদমর্যাদার অধস্তন কর্মকর্তাগণের আন্তঃবিভাগীয় বা ডিপার্টমেন্টাল বদলীর জন্য যথাযথ কর্তৃপক্ষ হইবেন ঃ

(৪) কোন ইন্সপেক্টর বা সাব-ইন্সপেক্টরকে ডিটেকটিভ ব্রাঞ্চে বা ডিটেকটিভ ব্রাঞ্চ হইতে অন্যত্র বদলী করিবার ক্ষেত্রে উক্ত ব্রাঞ্চের যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কশিনারের সহিত পরামর্শ করিতে হইবে।

২৯। **কর্মস্থলের মেয়াদ।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশ ফোর্সের কোন সদস্য, ইন্সপেক্টর বা ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নের কোন কর্মকর্তাকে, কমিশনারের বিশেষ আদেশ ব্যতীত, কোন শাখায় দুই বৎসরের অধিক এবং কোন বিভাগ বা ইউনিটে পাঁচ বৎসরের অধিক সময় নিয়োজিত রাখা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রটেকশন বিভাগের আমর্ড সাব-ইন্সপেক্টর বা সার্জেন্ট বা ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রেনিং ইউনিটে কর্মরত কোন স্টাফকে অনধিক তিন বৎসর তাহাদের পদে বহাল রাখা যাইবে।

(২) যে সকল কর্মকর্তা ও কর্মচারীর পরবর্তী বৎসরের ১ জানুয়ারী তারিখে, উপ-বিধি (১) এ উল্লিখিত মেয়াদ পূর্ণ হইবে, যুগ্ম-পুলিশ কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে ডেপুটি পুলিশ কমিশনার, অতিরিক্ত ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার উহার একটি তালিকা চলতি বৎসরের ১ ডিসেম্বর বা তদ্‌পূর্বে সেন্ট্রাল রিজার্ভ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

৩০। **অধস্তন পুলিশ কর্মকর্তাদের বদলি সংক্রান্ত সাধারণ নির্দেশনা।**—(১) বদলির সংখ্যা ন্যূনতম সংখ্যায় হ্রাস করিতে হইবে।

(২) অসুস্থতাজনিত ছুটি, পদোন্নতি, গুরুতর অসদাচরণ এবং অন্যান্য অপ্রতিরোধ্য কারণ ব্যতীত বদলী করা হইতে বিরত থাকিতে হইবে।

(৩) অনিবার্য না হইলে ডেপুটি কমিশনার অধীনস্থ কাহাকেও বদলী করিতে বা বদলি করার সুপারিশ করা হইতে বিরত থাকিবেন।

(৪) যে সকল কর্মকর্তাকে চার মাসের কম ছুটি প্রদান করা হইয়াছে, সেই সকল কর্মকর্তাকে, তাহাদের ছুটি সমাপ্তিতে, তাহাদের চাকুরীর পূর্ণ মেয়াদ সম্পন্ন না হইলে তাহাদেরকে সাধারণভাবে তাহারা যেস্থান হইতে ছুটি গ্রহণ করিয়াছিল সেইস্থানে ফেরত পাঠাইতে হইবে।

৩১। **বদলির ক্ষেত্রে কর্মকর্তাদের কর্মস্থল ত্যাগ করা।**—(১) প্রত্যেক বদলির আদেশে স্থলাভিষিক্ত কর্মকর্তার উল্লেখ থাকিতে হইবে এবং উক্ত ক্ষেত্রে কোন কর্মকর্তা প্রথমে কর্মস্থল ত্যাগ করিবেন উহার উল্লেখ থাকিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন কর্মকর্তার বদলির আদেশে অবমুক্ত হইবার জন্য কোন তারিখ নির্ধারিত না থাকিলে তিনি আদেশ জারীর তারিখ হইতে পরবর্তী দশ দিনের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের জন্য যাত্রা শুরু করিবেন এবং কোন বদলির আদেশে যে কর্মকর্তাকে প্রথম কর্মস্থল ত্যাগ করিবার জন্য নির্দেশ দেওয়া হয় তিনি ইহা অনুসরণ করিতে বাধ্য থাকিবেন।

(৩) যোগদানের সময় সম্পর্কে Fundamental Rules এর Chapter XI, Supplementary Rules এর Chapter XXII এবং Bangladesh Service Rules Part-I এর সংশ্লিষ্ট বিধানসমূহ প্রযোজ্য হইবে।

৩২। **চার্জ হস্তান্তর।**—(১) অফিস, স্টেশন বা পদের চার্জ হইতে বিমুক্ত কর্মকর্তা এবং বিমুক্তকারী কর্মকর্তা প্রত্যেকে ব্যক্তিগতভাবে হেডকোয়ার্টারে উপস্থিত থাকিয়া চার্জ হস্তান্তর ও গ্রহণ করিতে হইবে।

(২) উপ-কমিশনার, অতিরিক্ত উপ-কমিশনার, সহকারী কমিশনার বা ইন্সপেক্টরগণ দায়িত্ব গ্রহণকালে বাংলাদেশ ফরম নং ২৪০৩ এ চার্জ সার্টিফিকেট স্বাক্ষর করিবেন এবং উহা কমিশনার, মহা হিসাব নিয়ন্ত্রক এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।